DEC. 31 2001

দৈনিক ইনকিলাব

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ১৩ কলাম ... ১ ...

# অবশেষে শিক্ষক-কর্মচারী কল্যাণ ট্রাস্টের দায়িত্ব নতুন কমিটির কাছে হস্তান্তর

**প্রেস বিজ্ঞপ্তি ঃ** রবিবার বেসরকারী শিক্ষক-কর্মচারী কল্যাণ ট্রাস্টের পুরাতন কমিটির সদস্য সচিব কাজী ফারুক আহমদ নতুন কমিটির সদস্য সচিব অধ্যাপক এম শরীফুল ইসলামের কাছে দায়িত্ব হস্তান্তর করেছেন। গত ২৩ ডিসেম্বর মহাপরিচালকের নির্দেশ সত্ত্বেও সাবেক সদস্য সচিব দায়িত্ব হস্তান্তর নিয়ে এতদিন কালক্ষেপণ করেন।

দায়িত্ব হস্তান্তর অনুষ্ঠানে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতরের মহাপরিচালক ডঃ এ টি এম শরীফুল্লাহ, পরিচালক খলিলুর রহমান, কল্যাণ ট্রাস্টের নবগঠিত কমিটির সদস্য অধ্যক্ষ মাজহারুল হান্নান, মোঃ সেলিম ভুঁইয়া, মাওলানা এম এ লতিফ, নজরুল ইসলাম, সাহাবুদ্দিন দেওয়ান, শফিকুল আলম। এছাড়াও শিক্ষক নেতৃবৃন্দের মধ্যে অধ্যক্ষ ইসহাক হোসেন, চৌধুরী সহিদ হোসেন, মিসেস রহিমা খন্দকার, অধ্যাপক সিদ্দিকুর রহমান, অধ্যাপক মুহাঃ লিয়াকত আলী, মোঃ মাহবুবুর রহমান মোল্লা, মোঃ জাকির হোসেন, মোঃ সোহেল প্রমুখ উপস্থিত ছিলেন।